# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫০৬৫

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৮. তৃতীয় অনুচ্ছেদ - আত্মসংযম ও কাজে ধীরস্থিরতা

আরবী

وَعَنِ ابْنِ
عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ الرَّجُلَ لِيَكُونُ مِنْ أَهْلِ الصَّلَاةِ وَالصَّوْمِ وَالزَّكَاةِ وَالْحَجِّ وَالْعُمْرَةِ» . حَتَّى ذَكَرَ سِهَامَ الْخَيْرِ كُلَّهَا: «وَمَا يُجْزَى يَوْم الْقِيَامَة إِلا بقدرِ عقله»

বাংলা

৫০৬৫-[১৩] ইবনু ’উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ এক ব্যক্তি সালাত আদায়কারী, সায়িম (রোযাদার), যাকাতদাতা, হজ্জ ও ’উমরাহ্ পালনকারী হয়, এমনকি তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলতে বলতে সকল ভালো কাজের নামই বললেন; কিন্তু কিয়ামতের দিন তাকে তার জ্ঞান পরিমাণই প্রতিফল দেয়া হবে।[1]

ফুটনোট

[1] বাত্বিল (باطل) : শু‘আবুল ঈমান ৪৬৩৭, আল মু‘জামুল কাবীর লিত্ব ত্ববারানী ২৭, আল মু‘জামুল আওসাত্ব ৩০৫৭।

হাদীসটি বাত্বিল হওয়ার কারণ, এর সনদে মানসূর ইবনু সক্কীর আর জাযায়ী য‘ঈফ। বিস্তারিত দেখুন- য‘ঈফাহ্ ৫৫৫৭।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (يَوْمَ الْقِيَامَةِ إِلَّا بِقَدْرِ عَقْلِه) অর্থাৎ সকল ‘ইবাদাতের ক্ষেত্রে সে কিভাবে তার জ্ঞান-বুদ্ধিকে কাজে লাগিয়েছে কিয়ামতের দিন সে অনুপাতে ফল পাবে। সম্ভবত এখানে ‘আকল দ্বারা উদ্দেশ্য সে তার ‘আকল তথা জ্ঞান বুদ্ধিকে কাজে লাগিয়ে তা দ্বারা উপকৃত হওয়া এবং যাবতীয় ‘ইবাদাতে সাওয়াব লাভের মাধ্যমে উঁচু মর্যাদা

লাভ করা। মূল কথা হলো, যখন কোন ব্যক্তি তার বিবেক-বুদ্ধিকে খাটিয়ে ইখলাসের সাথে ‘ইবাদাত করবে তখন তার সেই কর্মের প্রতিফল সে কিয়ামতের ময়দানে প্রাপ্ত হবে। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75789

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন